

## ৮ শতাধিক দুঃস্থ রোগীর দৃষ্টি ফিরিয়ে দিল ইসিপি-এমএসএস



মানবিক সাহায্য সংস্থার আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি-এমএসএস) গত জুন মাসব্যাপী দেশের প্রত্যন্ত অঞ্চলে ২১টি চক্ষু শিবির বাস্তবায়ন করে ৮২৭ জন সুবিধাবঞ্চিত রোগীর বিনামূল্যে চোখের ছানি অপারেশনের ব্যবস্থা করেছে। নিজস্ব অর্থায়ন ও ইসিপি-এর দাতাগণের আর্থিক সহযোগিতায় সংস্থার

সহযোগী হাসপাতালের মাধ্যমে এসব রোগীর ছানি অপারেশন করা হয়।

চক্ষু শিবিরগুলোতে ৪৮৩৫ জন দরিদ্র রোগীকে প্রয়োজনীয় চক্ষুসেবা দেয়া হয়। চোখে ছানি শনাক্ত হয় ১০৭৫ জনের। প্রয়োজনীয় প্রেসক্রিপশনসহ ১৪০৩ জন রোগীকে চশমা দেয়া হয়। রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা করা হয় ১২০০ জনের। এছাড়া রোগীদের মধ্যে ৫০টি মাক্ষ এবং চোখের যত্নে প্রায় ৩০০০ সচেতনতামূলক প্রচারপত্র বিতরণ করা হয়।

এছাড়া এমএসএস- এর স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম (এসএসটিপি) এর আওতায় ৬টি স্কুলের ১৬৭০ জন দরিদ্র শিক্ষার্থীকে বিনামূল্যে প্রয়োজনীয় চক্ষুসেবা দেয়া হয়।

## এমএসএস কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের মধ্যে

### “বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি-২০২২” এর চেক হস্তান্তর অনুষ্ঠিত



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁর জন্মশত বার্ষিকীকে স্মরণীয় করে রাখতে মানবিক সাহায্য সংস্থা-এমএসএস ২০২০ সাল থেকে সংস্থার সুবিধাভোগীদের মেধাবী সন্তানদের জন্য “বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি” প্রধান কার্যক্রম শুরু করেছে।

এরই ধারাবাহিকতায় এবং এমআরএ কর্তৃক প্রণয়নকৃত “বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২০” অনুযায়ী, এমএসএস কর্তৃক মনোনীত ২ জন মেধাবী শিক্ষার্থীর মধ্যে গত ০৫ জুন, ২০২২ তারিখে সংস্থার প্রধান কার্যালয়ে “বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি-২০২২” এর চেক হস্তান্তর করা হয়েছে। শিক্ষার্থীদ্বয় প্রতি মাসে ৩০০০/- টাকা হারে বার্ষিক ৩৬,০০০/- টাকা বৃত্তি পাবে।

শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন এমএসএস-এর সম্মানিত নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আব্দুল হালিম। উক্ত অনুষ্ঠানে সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## এমএসএস টেকনিক্যাল ইনস্টিটিউট -এ চালু

### হলো আরো দুটি নতুন ব্যাচ



আত্মনির্ভরশীলতার পথে এগিয়ে যেতে কারিগরী দক্ষতা বৃদ্ধির বিকল্প নেই। নীলফামারীর সৈয়দপুর অঞ্চলের কামারপুকুরে স্থানীয় তরুণ-তরুণীদের কারিগরী দক্ষতা বৃদ্ধি ও আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বনির্ভর করার লক্ষ্যে

গত ০১ জুন, ২০২২ মানবিক সাহায্য সংস্থার টেকনিক্যাল ইনস্টিটিউট (এমটিআই)-এ শুরু হলো ৩ মাস মেয়াদী ইলেক্ট্রিক্যাল অ্যান্ড হাউজ ওয়্যারিং কোর্স এবং রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং কোর্স- এর ২য় ব্যাচ।

এ কোর্সগুলো সম্পন্ন করার পর নিজের দক্ষতা উন্নয়নের মাধ্যমে একজন শিক্ষার্থী উদ্যোক্তা হিসেবে স্বাধীনভাবে কাজ করতে পারবে এবং যে কোনো প্রতিষ্ঠানে চাকরি করার মাধ্যমে আত্মনির্ভরশীল হতে পারবে। কোর্স দুটির উদ্বোধন ও অরিয়েন্টেশন প্রোগ্রামে কোর্সের ইন্সট্রাক্টরবৃন্দ, নতুন কোর্সের শিক্ষার্থীবৃন্দ এবং মানবিক সাহায্য সংস্থার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## এমএসএস-এর ঋণ নিয়ে

### ফরহাদ হোসেনের সাফল্য



মানবিক সাহায্য সংস্থা-এমএসএস এর গাজীপুরের কানাবাড়ী উপজেলার ১নং জোনের অন্তর্ভুক্ত ২৭নং এরিয়ার ১০৭নং শাখার সদস্য মোঃ ফরহাদ হোসেন। ৩ বছর আগে তিনি প্রথমবারের মতো এমএসএস থেকে ঋণ নিয়ে নিজের উদ্যোক্তা জীবন শুরু করেন। পর পর ৩ বার সংস্থার অগ্রসর মাসিক ঋণদান কর্মসূচির আওতায় ঋণ নিয়ে তিনি ‘ফরহাদ ফ্যাশন’ নামে নিজস্ব পরিচালনায় একটি মিনি গার্মেন্টস কারখানা স্থাপন করেন।

শেরপুর জেলার নালিতাবাড়ি থানার আন্ধরুপাড়া গ্রামের ফরহাদ এসএসসি পাস করে ২০১৯ সালে ভাগ্যের চাকা ঘোরাতে ঢাকায় আসেন। সে বছরই তিনি এমএসএস ঋণদান কর্মসূচির সঙ্গে যুক্ত হন। তাঁর ব্যবসায়ের বর্তমান ঋণের পরিমাণ ৫ লাখ টাকা। ফরহাদের ব্যবসায়ের বর্তমান মূলধনের পরিমাণ ৪০ লাখ টাকা। ব্যবসা থেকে প্রতি মাসে তাঁর আয় হয় ৪ লাখ থেকে সাড়ে ৪ লাখ টাকা। তাঁর কারখানায় ২৫ জন কর্মচারী রয়েছে। কর্মচারীদের বেতনসহ কারখানার সব খরচ মিটিয়ে তাঁর মাসিক লাভ থাকে ১ লাখ থেকে দেড় লাখ টাকা।

ফরহাদ হোসেন তাঁর পরিচালিত কারখানা আরো বড় পরিসরে করার চিন্তা-ভাবনা করছেন। অন্যদের কর্মসংস্থান তৈরির পাশাপাশি অসহায় মানুষের পাশে দাঁড়াবেন এবং সমাজের বিভিন্ন ভালো কাজে অংশগ্রহণ করবেন বলে আশা প্রকাশ করেন ফরহাদ।

তিনি বলেন, “আজ আমার সফল উদ্যোক্তা হওয়ার পেছনে সবচেয়ে বড় অবদান রেখেছে মানবিক সাহায্য সংস্থা। এমএসএস পাশে না থাকলে আমার এ স্বপ্ন পূরণ হতো না। তাই আমি এমএসএস- এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।”

এটি মানবিক সাহায্য সংস্থা’র মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স

ইউনিটের একটি প্রকাশনা

সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পশ্চিম পাছপথ, ঢাকা -১২০৫